

তারিখ MAR. 09.2000.
পৃষ্ঠা কল্যাণ

অব্যাহত নকলের মধ্যদিয়ে এসএসসি পরীক্ষার ৬ষ্ঠ দিন অতিবাহিত

স্টাফ রিপোর্টার : ৪ নানা অনিয়ম, বিশৃঙ্খলা, সংঘর্ষ প্রসূপে ভুল এবং অব্যাহত নকলের ব্যাপকতার মধ্যদিয়ে গতকাল (বুধবার) এসএসসি পরীক্ষার ৬ষ্ঠ দিন অতিবাহিত হয়েছে। ৫টি শিক্ষা বোর্ডে গতকাল নকলের দায়ে মোট আড়াই সহস্রাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে কেবল রাজশাহী বোর্ডেই ছিল ১ হাজার ২১ জন। এছাড়া এই বোর্ডে নকলে সহযোগিতা করতে গিয়ে ভ্রাম্যমাণ পরিদর্শকদের হাতে ধরা পড়ে ৩ জন শিক্ষক ও ১ জন পিয়নও বহিষ্কৃত হয়েছে। ঢাকা বোর্ডে ২০৯ কেন্দ্রের মধ্যে ১৬৩ কেন্দ্রের রিপোর্ট অনুযায়ী বহিষ্কারের সংখ্যা ছিল ৩শ'। যশোর বোর্ডে বহিষ্কৃত হয় ৩ শতাধিক। কুমিল্লা বোর্ডে প্রায় ৫শ' এবং চট্টগ্রাম বোর্ডে শতাধিক পরীক্ষার্থীকে গতকাল নকলের দায়ে বহিষ্কার করা হয়। গতকাল এসএসসি'র সাধারণ বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়। কুষ্টিয়ার কুমারখালী কেন্দ্রে বহিরাগত

নকল সরবরাহকারীরা একজন ম্যাজিস্ট্রেটের প্রতি টিল ছুড়ে ডাকে কেন্দ্রে প্রবেশে বাধা দিলে পুলিশ ৫ জনকে গ্রেফতার করে। নেত্রকোনার মদন কেন্দ্রে শাহ সুলতান নামে একজন ভূয়া পরীক্ষার্থীকে গ্রেফতার করা হয়। বিভিন্ন কেন্দ্রে রাজনৈতিক সহযোগিতায় নকলবাজদের দৌরাত্ম্য ও তাদের ছমকির মুখে হল পাহারা দিতে এবং নকল প্রতিরোধে শিক্ষকরা এখন উৎসাহ হারিয়ে ফেলছেন বলে জানা গেছে। তাদের অনেকেই নিরাপত্তাহীনতায় ভুগছেন। প্রশাসনও হয়ে পড়েছে অসহায়। বহু চিহ্নিত কেন্দ্র 'রাজনৈতিক চাপে' প্রশাসন বাতিল ঘোষণা করতে পারছেন না। তাছাড়া কেন্দ্র বাতিলে এলাকায় বিক্ষোভ-উত্তেজনার ভয়ে আর পার্শ্ববর্তী কেন্দ্রে এসব পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণে নানা জটিলতা ও স্থানাভাবের দরুনও বোর্ড কর্তৃপক্ষ এবং স্থানীয় প্রশাসন নকলপ্রবণ কেন্দ্রসমূহ বাতিলের বিষয়টি এড়িয়ে যেতে চাইছেন।

৫-এর পাতায় দেখুন